# আমার গান

(তৃতীয় পর্ব)

মুহিব খান

প্রকাশনায়
রাহনুমা প্রকাশনী™

# লেখকের কথা

'আমার গান (তৃতীয় পর্ব)' আমার লেখা, সুর করা ও গাওয়া গানগুলোর তৃতীয় সংকলন। এর আগে প্রথম ও দ্বিতীয় পর্ব প্রকাশিত হয়েছে।

আমার গান আমার বার্তা ও বক্তব্য। দেশ জাতি ধর্ম সত্য মানবতা ও জীবনদর্শন নিয়ে আমার বোধ, বিশ্বাস ও অনুভূতিগুলোই আমার গানে প্রকাশ পায়।

যারা সংগীত প্রেমিক, তারা অতি দুরূহ ও উচ্চমার্গীয় কথাও সংগীতের ভাষায় সহজে বুঝে নেন। সচেতন জ্ঞানী ও দূরদর্শী শ্রোতারা আমার সংগীতে অতি সুগভীর ও দূরবর্তী কিছু দেখতে পান এবং তা অনুধাবন করেন। আর নতুন প্রজন্মের কাছেও আমার গানের এই ধারাবাহিক সংকলন হয়তো সংগ্রহে রাখার মতো গুরুত্বপূর্ণ উপাদান হতে পারে।

সংগীত আমার শক্তি। আমি তাই সংগীতের ডানায় নিজেকে সকলের মাঝে ছড়িয়ে ও বিলিয়ে দিতে ভালোবাসি।

**মুহিব খান**
বাগিচা প্যালেস
যাত্রাবাড়ি, ঢাকা
জানুয়ারি, ২০২৫

## সূচিপত্র


তৈরি হও ১৩
আরবের ছবি—১৫
কেন ফোটে সকালের ফুল—১৭
ভাঙ কারাগার!—১৮
ঝড়—২০
ইসলামি বিপ্লব—২১
আল্লাহ আমার হৃদয়জুড়ে—২৩
ফোটেনি ফুল—২৪
হায় মিডিয়া!—২৫
এক হও—২৭
রহমের ঝরণা—২৯
বরষার গান—৩০
এ বিজয় মুসলমানের—৩১
আল্লাহু আল্লাহু—৩৩
যদি সে হারায়—৩৪
ইয়া নাফসী—৩৫
১১৬'র জয়—৩৭
বসন্ত ফিরে ফিরে—৩৯
সাজাও তোমার দেশ—৪০
পেয়ো না আর ভয়—৪২
তালেবান তালেবান—৪৩
ভোরের হাওয়া—৪৫
সাহরীর গান—৪৬
রোজার গান—৪৭
ঈদের গান—৪৮
উঠবে নতুন ঝড়—৫০
যেটুকু করেছি ইবাদাত প্রভু—৫১
কেন-৩—৫২
তুমিই তো সব জানো—৫৫

তার বুঝি আর নাই কো তুল!—৫৬
হেফাজত আসছে—৫৭
স্বপন সাগর তীরে—৫৮
দ্বীন ঈমানের এ বাংলায়—৫৯
শ্রাবণের মেঘ—৬০
তারুণ্য দুর্বার—৬১
জাগো বাংলাদেশের নারী—৬৩
এ দেশেই জন্ম আমার—৬৫
ও আমেরিকা... —৬৭
আষাঢ়ের দিন—৬৯
প্রবাসীদের গান—৭০
আসলো ফাগুন—৭২
কৃষকের গান—৭৩
শ্রমিকের গান—৭৪
মাল্লা-মাঝির গান—৭৬
জাগবে আরাকান—৭৮
সামরিক সঙ্গীত—৮০
র‍্যাব সঙ্গীত—৮১
আনসার ভিডিপি সঙ্গীত—৮২
এসো সত্যের গান গাই—৮৪
ভিক্ষুকদের গান—৮৬
সবাই সবার—৮৮
তারানায়ে মাদারিসে কাওমিয়া—৯০
আইসিআই—৯২
ন্যাশনাল মুভমেন্ট—৯৪
যুদ্ধ করো না শেষ—৯৫
ডাকছে ফিলিস্তিন—৯৭
এ যে আমার জন্মভূমি—১০০
করি না মৃত্যু ভয়—১০২
ঈমানের এই ঘাঁটি—১০৫
মুক্তি মিছিল—১০৭

## তৈরি হও

ঈমানের সৈনিকেরা ভয় পেয়ো না রাত্রি আঁধার হচ্ছে বলে
যত রাত হোক না আঁধার আসবে সকাল সময় হলে।
এ স্বাধীন জন্মভূমির রক্ষীরা সব প্রস্তুতি নাও দিন বদলে
এ লড়াই লড়তে হবে শক্তি-সাহস বুদ্ধি বলে।

জালিমের থামবে জুলুম আর কটা দিন ধৈর্য ধরো
ছোট হার নাও সয়ে আজ, সামনে বিজয় আসবে বড়
কত আর রাজপথে লাশ পড়বে, এবার লড়াই কর
এ সময় পাল্টে যাবে, উল্টো বাতাস বইবে ঝড়ো

শহীদের রক্তধারায়
এদেশের পাড়ায় পাড়ায়
সময়ের এক ইশারায় লক্ষ আগুন উঠবে জ্বলে।

দেখ মার্কিন-ভারতের চলছে আঁতাত এ দেশ ঘিরে
দেখ চীন মায়ানমারের জাল আমাদের ঘিরছে ধীরে
দেখ মানচিত্র ভাঙ্গার কাজ চলে পর্বত গভীরে
দেখ ইসলাম বিনাশের প্রস্তুতি নাস্তিক শিবিরে

হে তরুণ, নাই দেরি আর
জাগো আজ, হও হুঁশিয়ার
এ জাতির সত্যিকারের মুক্তি যদি চাও তাহলে-

ওরা ইসলাম যদি চায় বাদ দিতে সংবিধান থেকে
মোরা ইসলাম দিয়ে এই রাষ্ট্রটাকেই রাখবো ঢেকে
ওরা কুরআনকে অসম্মান যদি দেয়, দেখবো সে কে
কাফনের পড়বো কাপড় গা'য় শহীদের রক্ত মেখে।

বিজাতির নগ্ন চালে
চেতনার অন্তরালে
দেব না দেশকে যেতে শয়তানী চক্রের দখলে।

যারা আজ ভাবছে চিরন্তন ক্ষমতার জোর দেখাবে
অচিরেই শুদ্ধ-শিকড় তখত তাদের উপড়ে যাবে
জনতার রোষ থেকে সব দেখব তখন কই পালাবে
অপরাধ জমছে যা, পাই পাই করে তার বদলা পাবে

মুমিনের এই মাটিতে
ঈমানের এই ঘাঁটিতে
মুনাফিক নর্দমাদের পিষবো সেদিন পায়ের তলে।

কৃষকের কাস্তে কোদাল উঠবে সেদিন লক্ষ হাতে
শ্রমিকের খুন্তি শাবল ছুটবে সেদিন দেশ বাঁচাতে
কোটি প্রাণ জাগবে সেদিন রক্ত-রঙিন লাল প্রভাতে
আযানের বাজবে ধনী ওই পাহাড়ের সব চূড়াতে

ওরা সব ভাগবে ওরে
শত জাল ছিন্ন করে ;
রবে দেশ মুক্ত-স্বাধীন দীন ঈমানের ঝাণ্ডা তলে।

দীন ঈমানের সৈন্যরা সব প্রস্তুতি নাও তৈরি হও।
জন্মভূমির রক্ষীরা সব প্রস্তুতি নাও তৈরি হও।
দেশজুড়ে তাওহিদবাদী সব দেশপ্রেমী আজ তৈরি হও।
সব ষড়যন্ত্রের বেড়াজাল ছিড়তে এবার তৈরি হও।

সত্যিকারের মুক্ত-স্বাধীন করতে স্বদেশ তৈরি হও।
দ্বীন কায়েমের জন্যে জীবন হয় হবে শেষ তৈরি হও।
দেশজুড়ে তাওহিদবাদী সব দেশপ্রেমী আজ তৈরি হও।
সব ষড়যন্ত্রের বেড়াজাল ছিড়তে এবার তৈরি হও।

## আরবের ছবি

আমার নয়নে ভাসে আরবের ছবি
মাক্কা মদীনাতে আছেন যেন নবী
আমি যেন স্বপনে তাঁহার দেখা পাই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

আমি যেন তাঁর হাতে রেখে এই হাত
হৃদয়ে হৃদয়ে মেখে জপি শাহাদাত
তাঁরই সাথে মদিনাতে হিজরতে যাই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

মসজিদে নববীর আঙিনাতে ওই
সাহাবার মাহফিলে যেন বসে রই
আমি তাঁর চেহারার জ্যোতিতে হারাই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

অধমে আদর করে তিনি পাশে তাঁর
গড়ে দেন খেজুরের ছোট মিম্বার
সেখানে কবিতা পড়ি, তাঁরই গান গাই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

বদরে উহুদে যেন আছি পাশে তাঁর
মাক্কা বিজয়ে আছি উঠানে কাবার
বিদায়ী ভাষণে তাঁরি সমুখে দাঁড়াই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

আমি তার দীক্ষার জ্যোতি হাতে হায়
মরু নদী পার হয়ে আসি বাংলায়
হাজার বছর ধরে সে আলো ছড়াই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

আমার নয়নে ভাসে আরবের ছবি
মাক্কা মদীনাতে আছেন যেন নবী
আমি যেন স্বপনে তাঁহার দেখা পাই
সাল্লাল্লাহু আলাইহি আলাইহ।

## কেন ফোটে সকালের ফুল

কেন ফুটে সকালের ফুল
যদি শুকায় সন্ধ্যাবেলা।
কেন অকালে শুকায় নদী
ভাসালে জীবন ভেলা।

এই হৃদয় গহীন মাঝে
যদি প্রণয় বাঁশরী বাজে
কেন দিবস ফুরায় সাঁঝে
যায় হারায়ে সুখের মেলা-

কেন ফোটে সকালের ফুল
যদি শুকায় সন্ধ্যাবেলা।
কেন অকালে শুকায় নদী
ভাসালে জীবন ভেলা।

এই বুকের গভীর তলে
কেন নীরব অনল জ্বলে
কেন নয়ন ভরে গো জলে
কাঁদে এ মন কেন একেলা-

কেন ফোটে সকালের ফুল
যদি শুকায় সন্ধ্যাবেলা।
কেন অকালে শুকায় নদী
ভাসালে জীবন ভেলা।

## ভাঙ কারাগার!

অত্যাচারীর বন্দিশালায় থাকবো না আর পড়ে
ভাঙ্গবো আগল, ছিড়বো শিকল, ফিরবো নিজের ঘরে
মন মেধা যার মুক্ত, সে রয় বন্দি কেমন করে?
ভাঙ কারাগার! ভাঙ কারাগার! ভাঙ্গ কারাগার ওরে!!

যুগে যুগে কত মহাপ্রাণ কেড়ে নিল এই কারাগার
তিলে তিলে মোরা পঁচে গলে শেষ হয়ে যাবো কত আর
ভেঙে ফেল ওই জালিম রাজের কারা কপাটের তালা
খুলে ফেল ওই লোহা গারদের, হাতুড়ি শাবল চালা
বিদ্রোহী প্রাণ জাগবে যখন ভাগবে ওরাই ডরে—

ভাঙ কারাগার! ভাঙ কারাগার! ভাঙ্গ কারাগার ওরে!!

সত্য-সাধক বীরের ধর্ম মুখ বুজে থাকা নয়
মৃত্যুর আগে মিথ্যার কাছে মানবো না পরাজয়
পতনের ভয়ে ভীতুরা পড়ায় সাহসীকে হাতকড়া
অবিচারী বিচারকেরা সাজায় বিচারের কাঠগড়া
মৃত্যুতে হই অমর আমরা, বেঁচে থেকে ওরা মরে—

ভাঙ কারাগার! ভাঙ কারাগার! ভাঙ্গ কারাগার ওরে!!

যেখানে বাঁধন সেখানে লড়াই আমাদের এই পণ
অন্ধ কারার রুদ্ধ দুয়ারে শুরু হবে মহারণ
হাতে পায়ে বাঁধা শিকল মোদের তাতে কিবা যায় আসে
রক্তকণায় মুক্তি জোয়ার নেচে ওঠে উল্লাসে
চেপে রাখা ছাই জ্বলে জ্বলে ওঠে চেতনার গহবরে—

ভাঙ কারাগার! ভাঙ কারাগার! ভাঙ্গ কারাগার ওরে!!

থাকবে না এই দিন জালিমের বদলাবে এই দিন
প্রতিটি প্রহর শুনে রাখ তোরা বুঝে নেব সব ঋণ
কোনো বোঝাপড়া হবে না হবে না অত্যাচারীর সাথে
মিথ্যের খাঁচা ভেঙে দে ভেঙে দে সত্যের পদাঘাতে
পৃথিবীর কোন কারাগার নেই রাখবে মোদের ধরে—

ভাঙ কারাগার! ভাঙ কারাগার! ভাঙ্গ কারাগার ওরে!!

## ঝড়

ঝড় এলো এলো ঝড়
এলো বৈশাখী ঝড়
গুড়ু গুড় হলো শুরু
ধরা কাঁপে থর থর..

ঘুরে ঘুরে হু হু বায়
ঝরা পাতা উড়ে যায়
বরিষণ ভেজে মন
মনে মনে জাগে ডর..

মেঘের ঘনঘটায়
একি সুর শোনা যায়
দোলে গান দোলে প্রাণ
দোলে মনো-সরোবর..

বিজলী চমকে তার
রমকে ঝমকে তার
নাচে মন, নাচে বন
নাচে ফুল মনোহর..

এলো ধাওয়া, এলো ভয়
এলো ভীম, এলো ক্ষয়
ঝড়ো বায় জল ধায়
পাখি নীড়ে খর খর..

## ইসলামি বিপ্লব

সব পরাশক্তির স্বার্থের সংঘাতে আমাদের নেই কোন পক্ষ
আমরা তো মুসলিম ইসলামী বিপ্লব আমাদের একটাই লক্ষ্য।
পৃথিবীর দিকে দিকে মুসলিম এ জাতিকে করতে চেয়েছে যারা ধ্বংস
ওরাই পরস্পরে লড়াই যুদ্ধ করে হয় যদি হোক নির্বংশ।

ওঠো ওঠো মুসলিম দাঁড়াও নিজের পায়ে এখনই সময় হল জাগবার
উমর খালিদ হয়ে পৃথিবীতে নির্ভয়ে ধ্বনি তোল আল্লাহু আকবার..
লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!! তাকবীর! আল্লাহু আকবার!!

বিগত শতাব্দীর বিশ্ব পরিক্রমা দেখলেই বোঝা যাবে নিশ্চয়
কাফের বে-দীন সব ঘুরে ফিরে একদল মুসলমানের ওরা কেউ নয়

ইউরোপ আমেরিকা মুসলিম জাহানের ভাগ্যে এনেছে এই দুর্দিন
দু' দশক পূর্বেও চেচেনিয়া আফগানে রাশিয়ার হাত ছিল রঙ্গিন
উইঘুরে মুসলিম চলছে নিধন তাই আমাদের বন্ধু তো নয় চীন
ভারত ইসরাইল চূড়ান্ত লড়াইয়ের প্রস্তুতি নিচ্ছে বিরামহীন

ছুটে চলো মুসলিম নিজের গতিতে আজ এ সময় নয় বসে থাকবার
উমর খালিদ হয়ে পৃথিবীতে নির্ভয়ে ধ্বনি তোল আল্লাহু আকবার..
লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!! তাকবীর! আল্লাহু আকবার!!

ইরান তুরান জাগো পাক আফগান জাগো তুর্কি আরব জাগো জাগো রে
বাংলার ঘরে ঘরে প্রতিটি জোয়ান জাগো হাকো হায়দারি হাক হাকোরে

দিকে দিকে মুমিনের ফোটায় ফোটায় যত রক্ত ঝরেছে এই মাটিতে
এক হয়ে আজ লড় ততটা আঘাত করো গুনে গুনে জালিমের ঘাঁটিতে
মা বোনের হাহাকার শিশুদের চিৎকার পারেনি থামাতে হায় যাদেরে
প্রতিশোধ নাও আজ ওরাই জুলুমবাজ জ্বালিয়ে পুড়িয়ে দাও তাদেরে

যদি এক হও তবে তোমরাই জয়ী হবে, ওরা তো পাবে না পথ ভাগবার
উমর খালিদ হয়ে পৃথিবীতে নির্ভয়ে ধ্বনি তোল আল্লাহু আকবার..
লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!! তাকবীর! আল্লাহু আকবার!!

সিরিয়া ইরাক কাশ্মীর ও ফিলিস্তিনে ধ্বংস দেখেছে যারা রঙ্গে
ইউক্রেন তাইওয়ান নিয়ে আজ হাহাকার সেই মিডিয়া ও জাতিসংঘে

তাগুতের কালো হাত একে একে ভেঙে যাক আমাদের নেই কোন উক্তি
আমরা কেবল চাই নিপীড়িত মুসলিম উম্মাহর স্বাধীনতা মুক্তি
সব পরাশক্তির ধ্বংসলীলায় বসে অবুঝ ইরাকী শিশু হাসবে
আবার ঝিলাম নাফ দজলা ফুরাত নদী বিজয়ের উল্লাসে ভাসবে

জাগো জাগো মুসলিম সময় এসেছে আজ হায়দারি তাকবীর হাঁকবার
উমর খালিদ হয়ে পৃথিবীতে নির্ভয়ে ধ্বনি তোল আল্লাহু আকবার..
লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!! তাকবীর! আল্লাহু আকবার!!

দিকে দিকে তাগুতের মার খেয়ে মুসলিম মরেনি এখনো আছে দাঁড়িয়ে
আমরা দাঁড়িয়ে রব আমাদের উত্থানে ইতিহাসে ওরা যাবে হারিয়ে

সত্যের সংগ্রামে আমরা তো হারবো না আমরাও ছাড়বো না তাদেরে
ওরে আয় ছুটে আয় ওই শোন শোনা যায় সুপার পাওয়ার আজ কাঁদেরে
থামেনি ফিলিস্তিন মানেনি তো কাশ্মীর হারেনি ইরাক কিবা আফগান
পারেনি ভারত, চীন, আমেরিকা বাংলায় মুছে দিতে ঈমানের উত্থান

কোন পরাশক্তির শক্তি সাহস নেই আমাদেরে ধরে বেঁধে রাখবার
উমর খালিদ হয়ে পৃথিবীতে নির্ভয়ে ধ্বনি তোল আল্লাহু আকবার..
লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!! তাকবীর! আল্লাহু আকবার!!